গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর
Dinajpur Govt. College, Dinajpur
www.dgc.edu.bd
☎:0531-63360, 🖷:0531-61953
E-Mail: principal@dgc.edu.bd

বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50 মুজিব শতবর্ষ

বিজ্ঞপ্তি নম্বর: দিসক/দিনাজ/১ম বর্ষ অনার্স ভর্তি ২০-২১/২০২১/১৪৬ তারিখ: ০৪ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ
১৯ সেপ্টেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

## ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ১ম মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের বিষয় পরিবর্তন ও বিষয়ভিত্তিক ২য় মেধা তালিকা স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছু শিক্ষার্থীদের প্রতি নির্দেশাবলি:

(সূত্র: স্মারক নং-১০(২২৬)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/২০২১/২৪২৭ তারিখ: ১৫/০৯/২০১৯)

২০২০-২০২১ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে।

| ক্র. নং | বিবরণ | তারিখ |
|---|---|---|
| (ক) | ১ম মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্য থেকে যাদের বিষয় পরিবর্তন হবে তাদের পরিবর্তিত বিষয় ফরম প্রিন্ট করে সংশ্লিষ্ট কলেজে জমা দেয়ার তারিখ:<br>* বিষয় পরিবর্তনের ফরম বিভাগ কর্তৃক অনলাইনে নিশ্চয়ন করতে হবে না। | ১৯/০৯/২০২১ থেকে ২৬/০৯/২০২১ |
| (খ) | ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের অনলাইনে ভর্তি ফরম পূরণ ও প্রিন্ট কপি সংগ্রহের তারিখ:<br>শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nu.ac.bd/admissions) Applicant Login অপশনে Honours Login লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন এন্ট্রি দিয়ে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করে প্রিন্ট কপি নিতে হবে। | ১৯/০৯/২০২১ থেকে ২৬/০৯/২০২১ |
| (গ) | ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীকে www.dgc.edu.bd প্রবেশ করে Online Admission Option প্রবেশ করে ভর্তি ফরমের রোল দিয়ে পরবর্তী কার্যক্রম শেষ করতে হবে। কলেজ সার্ভারে সকল তথ্য দেয়ার পর প্রিন্ট প্রিভিউ অপশন আসবে। সেখানে সঠিক তথ্য দেখার পর কোন ভুল ত্রুটি হলে Edit করে ঠিক করে ভর্তি ফরম Submit করতে হবে। একবার Submit করার পর আর ভুল সংশোধন করা যাবে না। Submit হওয়ার পর ডাচ বাংলা ব্যাংক লিমিটেড এর গেটওয়ের মাধ্যমে রকেট/নেক্সাস পে এর মাধ্যমে নিজ নিজ বিষয়ের ফি নির্ধারিত থাকবে। নির্ধারিত ফি পরিশোধের পর কলেজের ভর্তির চূড়ান্ত ফরম ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি ফরম ও কলেজের ফি পরিশোধের ডাউনলোডকৃত ফরম ছাড়া ভর্তি সম্পন্ন হবে না। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি ফরম ও কলেজের ফি পরিশোধের ডাউনলোডকৃত ফরম নিজ নিজ বিভাগে নির্দিষ্ট সময়ের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে ফরমসমূহ জমাদানে ব্যর্থ হলে ভর্তি বাতিল বলে গণ্য হবে। জমাদানের তারিখ ও সময়: | ২০/০৯/২০২১ থেকে ২৭/০৯/২০২১ |
| (ঘ) | সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি নিশ্চয়নের তারিখ:<br>* ভর্তি কমিটির আহ্বায়ক যথাসময়ে OTP প্রদান করবেন। | ২০/০৯/২০২১ থেকে ২৮/০৯/২০২১ |

ভর্তি ফি এর পরিমাণ:

| বিভাগের নাম | টাকার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|
| বাংলা, ইংরেজি, অর্থনীতি, দর্শন, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, সমাজবিজ্ঞান, রাষ্ট্রবিজ্ঞান, হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা | ৩০৩০/- | সকল বিভাগের পরিশোধকৃত মোবাইল ব্যাংকিং চার্জ ১৫/- (পনেরো) টাকা |
| পদার্থবিদ্যা | ৩৪৭০/- | |
| রসায়ন | ৩৫১০/- | |
| গণিত | ৩৫২০/- | |
| উদ্ভিদবিদ্যা | ৩৪৩০/- | |
| প্রাণিবিদ্যা | ৩৩৮০/- | |

<u>বিশেষ জরুরি দ্রষ্টব্য:</u> কলেজের ওয়েব সাইটের মাধ্যমে ভর্তির সময় অবশ্যই শিক্ষার্থীর নিজের মোবাইল সচল নম্বর ব্যবহার করতে হবে এবং উক্ত মোবাইল নম্বর কলেজের রেজিস্ট্রেশন মেয়াদ থাকা পর্যন্ত অবশ্যই ব্যবহার করতে হবে। কোনক্রমেই পিতা/মাতা/আইনত বৈধ অভিভাবক ছাড়া ভাই, বোন, আত্মীয় স্বজন, বন্ধু-বান্ধব বা অন্য কারও মোবাইল নম্বর ব্যবহার করা যাবে না। কলেজের সকল গুরুত্বপূর্ণ নোটিশ প্রদানকৃত মোবাইলে এস.এম.এস এর মাধ্যমে জানানোর স্বার্থে অবশ্যই বর্ণিত নির্দেশনা অনুসরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

১। ভর্তির সময় নিম্নবর্ণিত কাগজপত্র সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে:

(ক) ভর্তির জন্য উত্তোলিত চূড়ান্ত ভর্তি ফরম ও ভর্তি ফি জমাদানের অনলাইনের প্রিন্ট কপি।

(খ) ভর্তির প্রাথমিক আবেদনের মূল ফরম।

(গ) এসএসসি ও এইচএসসি/সমমান পরীক্ষার মূল সনদপত্র, নম্বরপত্র, প্রশংসাপত্র ও ০১ (এক) সেট ফটোকপি খামে জমা দিতে হবে।

(ঘ) জাতীয় বিশ্ববিদ্যালয়ে আবেদনের সময় যে ছবি ব্যবহার করা হয়েছে সে ছবির ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি জমা দিতে হবে।

(ঙ) খামের উপরে শিক্ষার্থীর নাম, ঠিকানা, মোবাইল নম্বর, ই-মেইল এ্যাড্রেস ও ব্লাড গ্রুপ লিখতে হবে।

(চ) পাঠ বিরতির ক্ষেত্রে ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তার প্রত্যয়নপত্র জমা দিতে হবে।

(ছ) কোটায় ভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট কোটার স্বপক্ষে মূল কাগজপত্র সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই প্রদর্শন করতে হবে এবং বিভাগীয় প্রধান তা যাচাইপূর্বক উক্ত শিক্ষার্থীর ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করবেন। কোটার স্বপক্ষের মূল কাগজপত্রের ফটোকপি ভর্তি ফরমের সাথে জমা দিতে হবে।

(জ) শিক্ষার্থীর জন্ম নিবন্ধন/NID এর ফটোকপি।

(ঝ) অভিভাবকের NID এর ফটোকপি।

(ঞ) শিক্ষা বোর্ড বৃত্তিপ্রাপ্তদের বৃত্তি গেজেটের কপি, ব্যাংক স্টেটমেন্ট ও বৃত্তি ফরম অবশ্যই জমা দিতে হবে।

২। বিভাগ পরিবর্তনের ক্ষেত্রে:

(ক) সংশ্লিষ্ট বিভাগকে পূর্বের ভর্তিকৃত বিভাগ থেকে কাগজপত্র সংগ্রহণ করার জন্য বলা হলো।

(খ) মানবিক ও ব্যবসায় শিক্ষা থেকে বিজ্ঞান বিভাগে বিষয় পরিবর্তন হয়ে থাকলে তাদের ক্ষেত্রে বিজ্ঞান বিভাগসমূহের অতিরিক্ত ফি এর টাকা রসিদের মাধ্যমে সাউথইস্ট ব্যাংক লি: এ জমা করে ফরম গ্রহণ করতে হবে (যেমন মানবিক ও ব্যবসায় শিক্ষা থেকে গণিত বিভাগে বিষয় পরিবর্তন হয়ে থাকলে অতিরিক্ত (৩৫২০ - ৩০৩০) = ৪৯০ টাকা জমা দিতে হবে।)

৩। ভর্তি বাতিল সংক্রান্ত নিয়মাবলী:

(ক) মনোনীত প্রার্থী পূর্বে কোন প্রতিষ্ঠানে ভর্তি হয়ে থাকলে তাকে অবশ্যই ১৯/০৯/২০২১ তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করতে হবে। অন্যথায় দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

(খ) কোন শিক্ষার্থী চূড়ান্ত ভর্তির পর যদি কোনো কারণে ভর্তি বাতিল করতে চায় তাহলে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধি-বিধান অনুসরণপূর্বক নির্ধারিত ফি জমাদান সাপেক্ষে ভর্তি বাতিল করতে হবে।

বি:দ্র: (ক) ০১ সেপ্টেম্বর ২০২১ তারিখের বিজ্ঞপ্তি নম্বর: দিসক/দিনাজ/১ম বর্ষ অনার্স ভর্তি ২০২০-২১/২০২১/১২৭ অনুসরণ করে ভর্তি কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণকে অনুরোধ করা হলো।

(ক) নির্ধারিত তারিখের মধ্যে উত্তীর্ণ প্রার্থী ভর্তি হতে ব্যর্থ হলে উত্তীর্ণ আবেদনকারীর মনোনয়ন বাতিল বলে গণ্য হবে এবং এক্ষেত্রে কলেজ কর্তৃপক্ষ/ভর্তি কমিটি কোনরূপ দায়-দায়িত্ব বহন করবে না।

প্রয়োজনে: শুধুমাত্র ২০২০-২০২১ শিক্ষাবর্ষের ১ম বর্ষ অনার্স ভর্তির ক্ষেত্রে ০১৭১৫৬৭২১২৫/০১৭১২২৪০৬৫৬/০১৭১১১২১৪৯২।

প্রতি স্বাক্ষর

১৯/০৯/২০২১

অধ্যক্ষ
দিনাজপুর সরকারি কলেজ
দিনাজপুর

১৯/০৯/২১

১৯/০৯/২০২১

আহ্বায়ক
১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণি ভর্তি কমিটি ২০২০-২০২১
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর